

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

নং- ৫৬৭

-এ,

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের বিচার শাখা- ১ এর গত ১৬ অক্টোবর ২০২২ খ্রি. ১০.০০.০০০০.১২৫.১৯.০০১.১৯.৬৭২ নং স্মারকমূলে অত্র কোর্টের সহকারী রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ) বেগম সানজিদা সরওয়ার ও সহকারী রেজিস্ট্রার (সহকারী জজ) জনাব মোঃ ওমর হায়দার-কে বর্তমান কর্মস্থল হতে বদলী করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদে ও কর্মস্থলে নিয়োগ করায় তাঁদেরকে আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখ অপরাহ্নে বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলো:

ক্র.নং	নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	বদলীকৃত কর্মস্থল
১.	বেগম সানজিদা সরওয়ার সহকারী রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।	সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
২.	জনাব মোঃ ওমর হায়দার সহকারী রেজিস্ট্রার (সহকারী জজ) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ।

এই আদেশ জনস্বার্থে জারি করা হলো।

আদেশক্রমে,

স্বা/-
(মুন্সী মোঃ মশিয়ার রহমান)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ


নং- ৬৭২৮ -এ,

তারিখঃ ০২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ অক্টোবর, ২০২২ খ্রিস্টাব্দ

কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিজ্ঞ জেলা ও দায়রা জজ, নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ।
৩. অতিরিক্ত রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ।
৫. ডেপুটি রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।
৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সকল)।

৮. বেগম সানজিদা সরওয়ার, সহকারী রেজিস্ট্রার (সিনিয়র সহকারী জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (আগামী ২০/১০/২০২২ খ্রি. তাঁর বর্তমান পদের দায়িত্বভার জনাব মোঃ সুলতান সোহাগ উদ্দিন, সহকারী রেজিস্ট্রার (সাধারণ ও সংস্থাপন), হাইকোর্ট বিভাগ এর নিকট অর্পণ করে অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদানের অনুরোধ করা হলো)।
৯. জনাব মোঃ ওমর হায়দার, সহকারী রেজিস্ট্রার (সহকারী জজ), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (আগামী ২০/১০/২০২২ খ্রি. তাঁর বর্তমান পদের দায়িত্বভার জনাব মোঃ হারুন রেজা, সহকারী রেজিস্ট্রার(অর্থ), হাইকোর্ট বিভাগ এর নিকট অর্পণ করে অবিলম্বে বদলীকৃত কর্মস্থলে যোগদানের অনুরোধ করা হলো)।
১০. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশ করত: উহার ১০ কপি অত্র কোর্টে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, কক্ষ নং-৫২৮, পঞ্চম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, কক্ষ নং- ৩০৩, পঞ্চম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৬. হিসাব শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৭. অফিস কপি।


(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৫৮৭৮১